

**ছাত্রদল সভাপতি
ও সাধারণ
সম্পাদক রিমাডে**

আদালত প্রতিবেদক ●

জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি আবদুল কাদের ভূইয়া ও সাধারণ সম্পাদক হাবিবুর রশীদকে পৃথক মামলায় রিমাডে নেওয়ার আদেশ দিয়েছেন আদালত। গতকাল মঙ্গলবার চার মামলায় কাদেরের আট দিন এবং পাঁচ মামলায় হাবিবের ১০ দিনের রিমাডে মথুর করা হয়।

গাড়ি ডাকচুর ও অগ্নিসংযোগের অভিযোগে ধানমন্ডি কন্দাখানার নিউমার্কেট ও রমনা খানায় করা চারটি মামলার প্রতিটিতে আবদুল কাদেরকে ১০ দিন করে রিমাডে নেওয়ার আবেদন করে পুলিশ। ওনানি শেষে ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালত প্রতিটি মামলায় তাঁর দুই দিন করে মোট আট দিনের রিমাডে মথুর করেন। এর আগেও তিনি রিমাডে ছিলেন।

পটেন খানার চার মামলায় পৃথক আদালতে পুলিশ হাবিবকে ৩১ দিনের রিমাডের আবেদন করে। ওনানি শেষে আদালত আট দিনের রিমাডে মথুর করেন। এ ছাড়া নিউমার্কেট খানায় একটি মামলায় তাঁকে পাঁচ দিনের রিমাডে নেওয়ার আবেদন করা হলে অপর একটি আদালত দুই দিনের রিমাডে নেওয়ার আদেশ দেন। এর আগে দুই দফায় হাবিবকে পাঁচ দিনের রিমাডে নেওয়ার আদেশ দেওয়া হয়েছে।